

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.২৪.০২৪.২০১৫(অংশ-১)-৬০৫

তারিখঃ ১২ বৈশাখ, ১৪২৪
২৫ এপ্রিল, ২০১৭

প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব ইকবাল আহমদ তাপাদার, চেয়ারম্যান, জকিগঞ্জ উপজেলা পরিষদ, সিলেট কর্তৃক সরকার বিরোধী প্রচারণা, দলীয় ও ব্যক্তিগত কাজে উপজেলা পরিষদের সরকারি গাড়ী ব্যবহার, মহান মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃত করার, গত ০৫/০১/২০১৫ তারিখে জকিগঞ্জে নাশকতামূলক কার্যক্রমে নির্দেশনা প্রদান ও বীর মুক্তিযোদ্ধাদের মধ্যে কমল বিতরণ বিষয়ে পরিষদ কর্মকর্তাদের অশালীন ভাষায় বক্তব্য প্রদানের অভিযোগ প্রমানিত হয়েছে;

যেহেতু, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গত ০৫/০১/২০১৭ তারিখে জারীকৃত কারণ দর্শানো নোটিশের পরিপ্রেক্ষিতে তাঁর ২৬/০১/২০১৭ তারিখে দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত শুনানীকালে প্রদত্ত জবাব সন্তোষজনক নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে; এবং

যেহেতু, তাঁর এহেন কর্মকাণ্ডে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(খ) ও ১৩(১)(গ) ধারায় অসদাচরণ ও ক্ষমতার অপব্যবহারের দোষে তিনি দোষী সাব্যস্ত হয়েছেন, সেহেতু, সরকার জনস্বার্থে তাঁকে তাঁর স্বীয় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(২) ধারা অনুসারে সিলেট জেলার জকিগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব ইকবাল আহমদ তাপাদারকে জকিগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান পদ হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

J. Amin
২৭/০৪/২০১৭
(ড. জুলিয়া মর্দীন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৭৭২৩
e-mail:lgd.upazila2@gmail.com

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.২৪.০২৪.২০১৫(অংশ-১)-৬০৫/১(১৪)

তারিখঃ ১২ বৈশাখ, ১৪২৪
২৫ এপ্রিল, ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩. সচিব..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৭. জেলা প্রশাসক, সিলেট।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১০. উপজেলা নির্বাহী অফিসার, জকিগঞ্জ, সিলেট।
১১. ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), জকিগঞ্জ উপজেলা পরিষদ, সিলেট।
১২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জকিগঞ্জ, সিলেট।
১৩. জনাব ইকবাল আহমদ তাপাদার, চেয়ারম্যান (অপসারণকৃত) জকিগঞ্জ উপজেলা পরিষদ, সিলেট।
১৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।

J. Amin
২৭/০৪/২০১৭
(ড. জুলিয়া মর্দীন)
উপ-সচিব